গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০২.১৭- ০৪

তারিখ : ০১ মাঘ ১৪২৬ / ১৫ জানুয়ারি ২০২০

বিষয় : দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অর্ধবার্ষিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের অধীন ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কারা অধিদপ্তর এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অত্র বিভাগে ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অর্ধবার্ষিক প্রতিবেদন দাখিল করা হয়েছে।

০২। উক্ত প্রতিবেদনসমূহের আলোকে ১৫/০১/২০২০ তারিখ অত্র বিভাগের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী মহোদয়ের সভাপতিত্বে দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্তমর্তাগণের উপস্থিতিতে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) ফর্দ।

১৫/০১/২০২০
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব
ফোন : ৯৫৭৬৩৪৩
e-mail : fire1@ssd.gov.bd

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
০৩। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
০৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

P/c

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ

সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ওপর ফলাবর্তক (feedback) সুপারিশ প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | : | ১৫ জানুয়ারি ২০২০ |
| সময় | : | সকাল ১০.৩০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নীতিমালার আলোকে সুরক্ষা সেবা বিভাগের অধীন ০৪টি দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরণ করেছে। দপ্তর/সংস্থার প্রতিবেদনসমূহ সভায় পর্যালোচনা করা হয়।

০২। পর্যালোচনাকালে দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের অর্ধবার্ষিক প্রতিবেদন কিছু ভুল-ত্রুটি পাওয়া গেছে। ভুল-ত্রুটিগুলো দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে বুঝিয়ে দেয়া হয়। প্রাপ্ত ভুল-ত্রুটি এবং সেগুলো সংশোধনের বিষয়ে সভায় সুপারিশ করা হয়। এ সম্পর্কে নিম্নের ছকে বিস্তারিত উল্লেখ করা হলো :

## (১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

| কার্যক্রমের নাম | ২০১৯-২০২০ লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টার পর্যন্ত পুঞ্জিভূত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| (১.১) নৈতিকতা কমিটির সভা | ৪ | ২ টি | সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। |
| (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | প্রমাণক দাখিল করতে হবে। |
| (২.১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ৪ | ২ টি | প্রমাণক দাখিল করতে হবে। |
| (২.৩) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | ৬০০ | ৩০০ জন | প্রশিক্ষণার্থীদের হাজিরা দাখিল করতে হবে। |
| (২.৪) ) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৬০০ | ৩০০ জন | প্রমাণক দাখিল করতে হবে। |
| (৬.২) এডিপি বাস্তবায়ন অগ্রগতি | ১০০% | ৪০% | প্রমাণক দাখিল করতে হবে। |
| (৯.৫) প্রণোদনা প্রদানে শ্রেষ্ঠ কর্মী নির্বাচন | ৬৪ | ৩২ জন | প্রমাণক দাখিল করতে হবে। |
| (১২.৩) আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ৩১/১২/২০ | ৩১/১২/২০ | ফিডব্যাক কর্মশালার হাজিরা দাখিল করতে হবে। |

## (২) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

| কার্যক্রমের নাম | ২০১৯-২০২০ লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টার পর্যন্ত পুঞ্জিভূত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| (১.১) নৈতিকতা কমিটির সভা | ৪ | ১ টি | অর্জন কম হওয়ার কারণ এবং সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। |
| (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৮০ | - | প্রমাণক দাখিল করতে হবে। |
| (২.১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ০২ | - | ১ম ও ২য় কোয়ার্টারে অর্জন না হওয়ার কারণ? |

| কার্যক্রমের নাম | ২০১৯-২০২০ লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টার পর্যন্ত পুঞ্জিভূত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| (২.৪) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৩০০ | ১৫০ জন | প্রমাণক দাখিল করতে হবে। |
| (৬.১) প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | ৩১/০৭/২০১৯ | - | লক্ষ্যমাত্রাপূর্ণ না হওয়ার কারণ? |
| (৬.২) এডিপি বাস্তবায়ন অগ্রগতি | ১০০% | ২০% | অর্জন কম হওয়ার কারণ এবং প্রমাণক দাখিল করতে হবে। |
| (৭.১) পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ৩১/০৭/২০১৯ | ১৫/০৯/২০১৯ | নির্দিষ্ট সময়ে অর্জন না হওয়ার কারণ? |
| (৭.২) ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্যসম্পাদন | ৬০ | ৩২ | প্রমাণক দাখিল করতে হবে। |
| (৮.৩) শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ১০০% | ২০% | ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণ কী তা ব্যাখ্যা করতে হবে। |
| (৮.৪) সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | ১০০% | ২০% | অর্জন কম হওয়ার কারণ কী তা ব্যাখ্যা করতে হবে। |
| (৮.৫) শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | ৮০% | - | ১ম ও ২য় কোয়ার্টারে কোন অর্জন না হওয়ার কারণ কী তা ব্যাখ্যা করতে হবে। |
| (৮.৬) প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন | ২ | - | |
| (৯.২) হেল্পলাইন ১৬১৬৩ চালুকরণ | ৩০/৯/২০১৯ | - | |
| (৯.৩) মোবাইল ইউনিট সম্প্রসারণ | ৬ | - | ২য় কোয়ার্টারে অর্জন না হওয়ার কারণ কী তা ব্যাখ্যা করতে হবে। |
| (৯.৫) পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে প্রি-পুলিশ ক্লিয়ারেন্স সিস্টেম চালুকরণ | ৩০/৯/২০১৯ | - | অর্জন না হওয়ার কারণ কী তা ব্যাখ্যা করতে হবে। |
| (১০.২) ২০১৮-১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ৩০/৮/২০১৯ | - | ১ম কোয়ার্টারে অর্জন না হওয়ার কারণ কী তা ব্যাখ্যা করতে হবে। |
| (১২.৩) আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ১৫/১১/২০১৯<br>১৫/২/২০২০<br>১৫/৫/২০২০ | ০২/১১/২০১৯ | ০২/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক কর্মশালার হাজিরা দিতে হবে। |

## (৩) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

| কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টার পর্যন্ত পুঞ্জিভূত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| (১.১) নৈতিকতা কমিটির সভা | ৪ | ৪ টি | সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। |
| (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | প্রমাণক দাখিল করতে হবে। |
| (২.৩) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | ৬০০ | ৮২ জন | ১ম ও ২য় কোয়ার্টারে অর্জন কম হওয়ার কারণ ব্যাখ্যা করার জন্য বলা হলো এবং প্রশিক্ষণার্থীদের হাজিরা প্রমাণক হিসেবে দাখিল করতে হবে। |
| (২.৪) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৪০০ | ৮২ জন | |
| (৩.১) অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা-২০১৪ খসড়া পুন:প্রণয়নপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | ০১/০১/২০২০ | - | মূল লক্ষ্যমাত্রা এবং ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পরস্পর অসামঞ্জস্যপূর্ণ। |
| (৩.২) 'কর্মকর্তা ও কর্মচারী (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৯' সংশোধন প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | ১২/০১/২০২০ | - | ৩য় কোয়ার্টারের প্রতিবেদন, ২য় কোয়ার্টারের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে-যা সঠিক নয়। |
| (৪.৩) স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | ১৫/০২/২০২০ | - | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা জরুরিভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন। |
| (৬.২) এডিপি বাস্তবায়ন অগ্রগতি | ১০০% | ১২.৯১% | অর্ধবার্ষিক অর্জন সন্তোষজনক নয়। |
| (৯.৫) সক্ষমতা বৃদ্ধিকল্পে ডুবুরি ইউনিট সম্প্রসারণ | ৪০ | ১২% | ২য় কোয়ার্টারে অর্জন কম হওয়ার কারণ ব্যাখ্যা করার জন্য বলা হলো। |
| (১২.৩) আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ২৫/১০/২০১৯<br>২৫/০১/২০২০<br>২৫/০৪/২০২০ | | ১ম ও ২য় কোয়ার্টারে কোন অর্জন না থাকার কারণ ব্যাখ্যা করার জন্য বলা হলো। |

## (৪) কারা অধিদপ্তর

| কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টার পর্যন্ত পুঞ্জিভূত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| (১.১) নৈতিকতা কমিটির সভা | ৪ | ২ | সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। |
| (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | প্রমাণক দাখিল করতে হবে। |
| (২.১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ২ | ১ | প্রমাণক দাখিল করতে হবে। |
| (২.৩) কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | ৬৪০ | ৩২০ | প্রশিক্ষণার্থীদের হাজিরা দিতে হবে। |
| (৩.১) মোবাইল ফোনবুথ স্থাপন নীতিমালা প্রণয়ন | ৩০/৯/২০১৯ | ৩০/৯/২০১৯ | ৩.১ এবং ৩.২ নং কার্যক্রমের মধ্যে কী পার্থক্য আছে তা বুঝা গেল না। |
| (৩.২) ইন্টারকমের মাধ্যমে বন্দিদের সাক্ষাত নীতিমালা প্রণয়ন | ১৫/০১/২০২০ | - | |
| (৬.২) এডিপি বাস্তবায়ন অগ্রগতি | ১০০% | ৩৫% | ১ম ও ২য় কোয়ার্টারের পুঞ্জিভূত অর্জন ৩৫%। এর সমর্থনে প্রমাণক দাখিল করতে হবে। |
| (৮.৪) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | ৮০% | ৪০% | ১ম ও ২য় কোয়ার্টারের অর্জন সম্পর্কে প্রমাণক দাখিল করতে হবে। |
| (৮.৫) শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | ২০% | ১০% | |
| (১১.১) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | ২০০০০০০ | - | লক্ষ্যমাত্রা (২০০০০০০ এর পরিবর্তে শুধু ২০) করতে হবে। |
| (১২.৩) আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ১৫/১০/২০১৯<br>১৫/০১/২০২০<br>১৫/০৪/২০২০ | ১৫/১০/২০১৯ | ১৫/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক কর্মশালার হাজিরা দিতে হবে। |

০৩। উপরের ছকে বর্ণিত ত্রুটি বিচ্যুতিগুলো সংশোধন করে দপ্তর/সংস্থা প্রধানের অনুমোদন নিয়ে অর্ধবার্ষিক প্রতিবেদন অবিলম্বে ওয়েবসাইটে আপলোড করার জন্য সভায় উপস্থিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়।

০৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫.১.২০২০

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব
সুরক্ষা সেবা বিভাগ।